

ঢাকা বিশ্ববিদ্যালয়ে

সমন্বিত কোর্স

পদ্ধতি চালু হইবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥
ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক
বিজ্ঞান অনুষদে ১৯৯৪-৯৫ শিক্ষা
বর্ষে সার্বসিডিয়ারী পদ্ধতি-তুলিয়া
দিয়া সমন্বিত কোর্স পদ্ধতি চালু
করা হইতেছে। ইতিমধ্যে অনুষদের
৬টি বিভাগের তিন বছরের অনার্স
(১ম পূঃ ও ২য় কঃ প্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(১ম পূঃ পর)

ডিগ্রী কোর্সের পূর্ণাঙ্গ সিলেবাস
প্রণয়নের কাজ সম্পন্ন করা হই-
য়াছে। এই উপলক্ষে গতকাল
বৃহস্পতিবার অনুষদের ডীন অফিস
আয়োজিত এক সাংবাদিক সম্মে-
ডীন প্রফেসর এ. কে. মনোয়ার-
উদ্দীন আহমদ বলেন, পৃথিবীর
কোন দেশের শিক্ষা ব্যবস্থায় সার্ব-
সিডিয়ারী পদ্ধতি চালু নাই। ফলে
বাহিরের জগতের সহিত প্রতি-
যোগিতায় টিকিয়া থাকার লক্ষ্যে
বিশ্ববিদ্যালয়ের সিলেবাস আধু-
নিকীকরণের প্রয়োজনীয়তা দেখা
দিয়াছে।

সমন্বিত কোর্স পদ্ধতিতে
ছাত্র-ছাত্রীদের জন্য প্রথম বর্ষে
৪০০ নম্বর, দ্বিতীয় বর্ষে ৫০০
নম্বর ও তৃতীয় বর্ষে ৬০০ নম্বর
থাকিবে। তৃতীয় বর্ষে ১টি কোর্স
হইবে কম্প্রিহেনসিভ ও মৌখিক
পরীক্ষার এবং ইহাতে (৫০-
৫০) ১০০ নম্বর থাকিবে। প্রতিটি
একক পূর্ণ কোর্সের মান হইবে
১০০ এবং ইনকোর্স ২০ টিউ-
চোরিয়াল অথবা টার্ম পেপার হবে
১০, ও কোর্স কাইনাল পরীক্ষা
হইবে ৭০ নম্বরের। এই পদ্ধতিতে
ক্রম কোর্স সম্পন্ন করা পরীক্ষা
গ্রহণ ও ফল প্রকাশের জন্য বিভা-
গের উপর অতিরিক্ত দায়িত্ব দেওয়া
হইয়াছে।
উল্লেখ্য, ইতিপূর্বে অনার্সের
মূল বিষয়ে ৯০০ এবং সার্বসিডি-
য়ারীতে ৩০০ নম্বর অন্তর্ভুক্ত ছিল।